

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-৩

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪০৭.০৭.০৯৭.২৩ নথির বিষয়: Repair of 2(Two) Nos De-Watering Pump for Water Carrier Under MODS Zone-3, Dhaka WASA.

নোট: ১ নোটের বিষয়: Repair of 2(Two) Nos De-Watering Pump for Water Carrier Under MODS Zone-3, Dhaka WASA শীর্ষক কাজ অনুমোদন প্রসংগে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ২৬/৯/২৩ ১১:৩৮ পূর্বাহ্ন

উপরিউক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার অধীন মডস জোন-৩ হতে ঢাকা শহরের বিস্তীর্ণ এবং গুরুত্বপূর্ণ এলাকায় পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন সেবা প্রদান করা হয়ে থাকে। মডস জোন-৩ এর আওতাধীন এলাকা সমূহ তুলানামূলকভাবে অধিক গুরুত্বপূর্ণ হওয়ায় পাইপ লাইনে পানি সরবরাহের ত্রুটিকালীন সময়ে জরুরী ভিত্তিতে পানির গাড়ীর মাধ্যমে পানি সরবরাহ করতে হয়। অত্র জোনে বর্তমানে ৬(ছয়) টি পানির গাড়ী রয়েছে। গ্রাহকের রিজার্ভারে পানি পৌঁছানোর জন্য প্রতিটি পানির গাড়ীতে একটি করে ডি-ওয়াটারিং পাম্প স্থাপিত আছে। প্রতিনিয়ত ব্যবহারের ফলে ডি-ওয়াটারিং পাম্প সমূহের বিভিন্ন যন্ত্রাংশের ত্রুটির কারণে ব্যবহার অযোগ্য হয়ে যায়। বিভাগীয় উপ-ভাভারে রক্ষিত এরূপ ব্যবহার অযোগ্য এবং মেরামত যোগ্য ২(দুই)টি ডি-ওয়াটারিং পাম্প মেরামত করে ব্যবহার উপযোগি করে রাখা প্রয়োজন। যাতে কোন পানির গাড়ীর ডি-ওয়াটারিং পাম্প নষ্ট হয়ে গেলে সাথে সাথে পাম্পটি প্রতিস্থাপন করে গাড়ীর মাধ্যমে জরুরী পানি সরবরাহ সচল রাখা যায়।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ২৬/৯/২৩ ১১:৪২ পূর্বাহ্ন

উপরিউক্ত বর্ণনার আলোকে মডস জোন-৩ এর বিভাগীয় উপ-ভাভারে রক্ষিত ব্যবহার অযোগ্য এবং মেরামত যোগ্য ২(দুই)টি ডি-ওয়াটারিং পাম্প এর বর্তমান অবস্থা একটি ওয়ার্কশপ এর অভিজ্ঞ মেকানিক দ্বারা সরোজমিনে সার্ভে করতঃ প্রয়োজনীয় মালামালসহ মেরামত কাজের জন্য কোটেশন সংগ্রহ করা হয়েছে। প্রাপ্ত কোটেশন এর দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-৩ দ্র:)। এতে টাকার পরিমাণ দাঁড়িয়েছে মোট টাঃ ২৩,১২০/- (তেইশ হাজার একশত বিশ) টাকা মাত্র। কাজটি জরুরী বিবেচনায় পিপিআর-২০০৮ এর বিধি ৮১(১) অনুযায়ী সরাসরি নগদ ক্রয় পদ্ধতিতে (অস্থায়ী অগ্রিম হিসাবে) সম্পন্ন করা যেতে পারে। আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার “পানির পাম্প রক্ষণাবেক্ষণ” খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং-B-15.2.17 হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটির প্রশাসনিক ও আর্থিক অনুমোদনের ক্ষমতা “প্রধান প্রকৌশলী” মহোদয়ের আওতাধীন।

সংযুক্তিসমূহ (৩):

১। মডস জোন-৩ এর ২০২৩-২৪ অর্থ-বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার সংশ্লিষ্ট কপি।pdf

২। কোটেশন।pdf

৩। প্রাক্কলন।pdf

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ২৬/৯/২৩ ১১:৪৪ পূর্বাহ্ন

এমতাবস্থায়, উপরিউক্ত বর্ণনার আলোকে Repair of 2(Two) Nos De-Watering Pump for Water Carrier Under MODS Zone-3, Dhaka WASA কাজ এর জন্য নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারে:

ক) উল্লেখিত কাজটি সম্পাদনের জন্য ২৩,১২০/- (তেইশ হাজার একশত বিশ) টাকা মাত্র এর অনুমোদন।

খ) জনস্বার্থে কাজটি জরুরী বিবেচনায় পিপিআর-২০০৮ এর বিধি ৮১(১) অনুযায়ী সরাসরি নগদ ক্রয় পদ্ধতিতে (অস্থায়ী অগ্রিম হিসাবে) সম্পন্ন করার অনুমোদন এবং

গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৩-২৪ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার পরিকল্পনার “পানির পাম্প রক্ষণাবেক্ষণ” খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং-B-15.2.17 এবং ২০২৩-২৪ অর্থবছরের বরাদ্দকৃত বাজেটের কোড নং- ০১-০৪-০০৩ “পানির পাম্প রক্ষণাবেক্ষণ” খাত হতে নির্বাহ করার অনুমোদন।

বর্ণিত প্রস্তাবসমূহ “প্রধান প্রকৌশলী” মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ’ল।

২৬/৯/২৩ ১১:৫২ পূর্বাহ্ন
মোস্তাক আহমেদ
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩

২৬/৯/২৩ ১২:০৯ অপরাহ্ন
মোঃ নজরুল ইসলাম
সহকারী প্রকৌশলী
মডস জোন-৩


২/১০/২৩ ১০:১৫ অপরাহ্ন
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৩

৩/১০/২৩ ৯:০২ পূর্বাহ্ন
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস সার্কেল-১

৩/১০/২৩ ৯:০২ পূর্বাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ৪/১০/২৩ ৮:৪৫ পূর্বাহ্ন

অনুমোদিত



৪/১০/২৩ ৮:৪৫ পূর্বাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)



১৬/১০/২৩ ৯:১৮ পূর্বাহ্ন
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৩

১৬/১০/২৩ ৯:১৮ পূর্বাহ্ন
মোস্তাক আহমেদ
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩